



বিশ্ব পরিবেশ দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে চট্টগ্রাম বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম কার্যালয় কর্তৃক চিত্রাংকন, রচনা ও স্লোগান প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। চিত্রাংকন, রচনা ও স্লোগান প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

চিত্রাংকন প্রতিযোগিতা

শ্রেণি	চিত্রাংকনের বিষয়	স্থান, তারিখ ও সময়
ক-শ্রেণি : প্রে থেকে তৃতীয় শ্রেণি	চিত্রাংকনের বিষয় প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার দিন শিক্ষার্থীদের জানানো হবে।	স্থান : বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম। তারিখ : ২৬ মে, ২০২৪ খ্রি. (রবিবার) সময় : বিকাল ৩.৩০ ঘটিকা (বিজয়ীদের নাম প্রতিযোগিতা শেষে শিশু একাডেমি প্রাঙ্গণে ঘোষণা করা হবে এবং একই দিন পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম এর ফেসবুক পেইজে প্রকাশ করা হবে) *** অগ্রহী প্রতিযোগীদের প্রয়োজনীয় উপকরণ (রেং, তুলি, বোর্ড) নিয়ে কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরিবেশ অধিদপ্তর চিত্রাংকনের কাগজ সরবরাহ করবে। প্রতিযোগীরা নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বিদ্যালয়ের নাম, মোবাইল নম্বর, জন্ম নিবন্ধন সনদ এবং বিদ্যালয়ের পরিচয় পত্রের ফটোকপি নিয়ে উপস্থিত হবেন। যোগাযোগ : ০১৮৩৫-৫১০৬১২।
খ-শ্রেণি : চতুর্থ থেকে ষষ্ঠ শ্রেণি		
গ-শ্রেণি : সপ্তম থেকে দশম শ্রেণি		
ঘ-শ্রেণি : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু (সকল শ্রেণি)		

রচনা প্রতিযোগিতা

শ্রেণি	রচনার বিষয়	স্থান, তারিখ ও সময়
ক-শ্রেণি : ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি	বাংলা : বাংলাদেশে মরুভূমির কারণ, ফলাফল ও প্রতিকার (সর্বোচ্চ ৮০০ শব্দ) English : Causes, Results & Remediation of Desertification in Bangladesh	স্থান : পাহাড়তলী বিশ্ববিদ্যালয় কলেজ ওয়ারেন্স, পাহাড়তলী, চট্টগ্রাম। তারিখ : ২০ মে, ২০২৪ খ্রি. (সোমবার) সময় : বিকাল ৩.০০ ঘটিকা (বিজয়ীদের নাম প্রতিযোগিতা শেষে পাহাড়তলী বিশ্ববিদ্যালয় কলেজ প্রাঙ্গণে ঘোষণা করা হবে এবং একই দিন পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম এর ফেসবুক পেইজে প্রকাশ করা হবে) *** অগ্রহী প্রতিযোগীদের প্রয়োজনীয় উপকরণ (কলম, পেনসিল, বোর্ড ইত্যাদি) নিয়ে কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরিবেশ অধিদপ্তর প্রয়োজনীয় কাগজ সরবরাহ করবে। যোগাযোগ : ০১৯২০-৮৮৬৬৩৫।
খ-শ্রেণি : নবম-দশম শ্রেণি	বাংলা : মরুভূমি প্রতিরোধে প্রযুক্তির (কৃষি প্রযুক্তি, তথ্য প্রযুক্তি, ইত্যাদি) ব্যবহার (সর্বোচ্চ ১২০০ শব্দ) English : Use of Technology (Agro-Tech, IT, etc.) to Prevent Desertification	
গ-শ্রেণি : একাদশ-দ্বাদশ শ্রেণি	বাংলা : বাংলাদেশে আবহাওয়ার চরমভাবাপন্ন আচরণে (অতি গ্রীষ্ম, অতি বর্ষা ও অতি শীত) মরুভূমির প্রভাব (সর্বোচ্চ ১৫০০ শব্দ) English : Affect of Desertification in Extreme Weather Condition (Extreme Heat, Rain & Cold) of Bangladesh	
ঘ-শ্রেণি : বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী (স্নাতক/ডিগ্রি/স্নাতকোত্তর)	বাংলা : বাংলাদেশে ভূমি পুনরুদ্ধার মরুভূমির প্রবণতা রোধ ও খরা সহনশীলতা অর্জনের প্রতিবন্ধকতা ও উপায় (সর্বোচ্চ ২০০০ শব্দ) English : Challenges and Solutions to achieve Land Restoration, Desertification & Drought Resilience in Bangladesh	

স্লোগান প্রতিযোগিতা

সকলের জন্য উন্মুক্ত	স্লোগান : খরা সহনশীলতা অর্জনে ভূমি পুনরুদ্ধার ও মরুভূমির প্রবণতা রোধ Land Restoration, Desertification & Drought Resilience
---------------------	--

স্মরণিকার জন্য লেখা আহ্বান

বিশ্ব পরিবেশ দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষে গৃহীত কার্যক্রমের আওতায় স্মরণিকা প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জাতিসংঘ পরিবেশ বিষয়ক কর্মসূচি (UNEP) কর্তৃক এ বছরের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে: "Land restoration, desertification and drought resilience" যার ভাবার্থ করা হয়েছে- "করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুভূমি, অর্জন করবো হবে মোদের খরা সহনশীলতা"। UNEP কর্তৃক এ বছরের স্লোগান নির্ধারণ করা হয়েছে- "Generation Restoration".

০২. আগামী ৩১.০৫.২০২৪ খ্রি. তারিখের মধ্যে যারা লেখা প্রেরণ করতে ইচ্ছুক, তাদেরকে ই-মেইল : puspha.gcc@gmail.com, fardoushbd@gmail.com, salena.doe@gmail.com এর মাধ্যমে (ওয়ার্ড ফাইলের সফট কপি সহ; বাংলা ফন্ট: ইউনিকোড/ SutonnyMJ; ইংরেজি ফন্ট : Times New Roman; সর্বোচ্চ শব্দ : ১৮০০) লেখা প্রেরণের জন্য বিনীতভাবে অনুরোধ জানানো হলো।

*** চিত্রাংকন, রচনা ও স্লোগান প্রতিযোগিতায় সকল শ্রেণির প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীগণকে ৫ জুন, ২০২৪ (বুধবার) বেলা ১০.০০ ঘটিকায় বিশ্ব পরিবেশ দিবসের অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে। বিশ্ব পরিবেশ দিবসের মূল অনুষ্ঠানটি জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম এর অভিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

২০/৫/২৪

(হিদ্রোল বিশ্বাস)

পরিচালক (যুগ্ম সচিব)

ফোন নং: ০২-৩৩৩৩৭৯২২০